পরিচর্যা প্রদানের দায়িত্ব সহ কর্মীদের জন্য সুরক্ষা

নিউ ইয়র্ক সিটি মানবাধিকার সংক্রান্ত কমিশন হল একটি সংস্থান যা আপনাকে আপনার ব্যবসাকে শক্তিশালী করতে, আরো অন্তর্ভুক্তিকর নিয়োগকর্তা হয়ে উঠতে, এবং নিউ ইয়র্ক সিটি মানবাধিকার আইন মান্য করার জন্য আপনার নিয়োগ সংক্রান্ত অনুশীলনগুলি মেনে চলতে সাহায্য করতে পারে। এই নথিটি পরিচর্যা প্রদানের দায়িত্বসম্পন্ন কর্মী এবং চাকরির আবেদনকারীরদের জন্য নতুন সুরক্ষাগুলি সম্পর্কে তথ্য প্রদান করে, যেগুলি আপনার নিয়োগ ও সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াগুলিকে প্রভাবিত করে এমন আইনের একটি গুরুত্বপূর্ণ পরিবর্তন।

নিউ ইয়র্ক সিটি মানবাধিকার সংক্রান্ত কমিশন হল একটি সংস্থান যা আপনাকে আপনার ব্যবসাকে শক্তিশালী করতে, আরো অন্তর্ভুক্তিকর নিয়োগকর্তা হয়ে উঠতে, এবং নিউ ইয়র্ক সিটি মানবাধিকার আইন মান্য করার জন্য আপনার নিয়োগ সংক্রান্ত অনুশীলনগুলি মেনে চলতে সাহায্য করতে পারে। এই নথিটি পরিচর্যা প্রদানের দায়িত্বসম্পন্ন কর্মী এবং চাকরির আবেদনকারীরদের জন্য নতুন সুরক্ষাগুলি সম্পর্কে তথ্য প্রদান করে, যেগুলি আপনার নিয়োগ ও সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াগুলিকে প্রভাবিত করে এমন আইনের একটি গুরুত্বপূর্ণ পরিবর্তন।

এই নতুন ব্যবস্থার অধীনে কর্মী বা চাকরির আবেদনকারীদের বিরুদ্ধে বৈষম্য করা যাবে না, যদি:

- তারা 18 বছরের কম বয়সী একটি সন্তানের মা-বাবা হন, দত্তক নেওয়া বা পালনপোষণ করা সন্তানরাও এর অন্তর্ভুক্ত, এবং সেই সন্তানের জন্য প্রত্যক্ষ এবং চলতি পরিচর্যা দেন;

  অথবা

- তারা অক্ষমতা আছে এমন একজন মা-বাবা, ভাইবোন, স্বামী বা স্ত্রী, সন্তান (যে কোনো বয়সের), দাদু বা দিদিমা, বা নাতি বা নাতনী অথবা তাদের সঙ্গে বসবাসকারী অক্ষমতাযুক্ত কোনো ব্যক্তিকে প্রত্যক্ষ ও চলতি পরিচর্যা দেন, এবং সেই ব্যক্তি চিকিৎসা পরিচর্যার জন্য বা তাদের দৈনন্দিন জীবনযাপনের প্রয়োজনগুলি মেটানোর জন্য তাদের ওপরে নির্ভর করেন।

পরিচর্যা প্রদানের দায়িত্ব থাকার কারণে কর্মী বা চাকরির আবেদনকারীদের বিরুদ্ধে বৈষম্য করা যাবে না।

যখন পরিচর্যাকারীর অবস্থার ভিত্তিতে নিয়োগের সিদ্ধান্তগুলি নেওয়া হয় তখন পরিচর্যাকারীর বিরুদ্ধে বৈষম্য ঘটে, যার অন্তর্ভুক্ত হল নিম্নলিখিত কারণে কাউকে নিয়োগ বা পদোন্নতি দেওয়ার সিদ্ধান্ত, তবে এতেই সীমিত নয়, উদাহরণ স্বরূপ:

- তাঁর বাড়িতে সন্তান আছে;
- তাঁর বাড়িতে অসুস্থ স্বামী বা স্ত্রী আছে;
- তিনি একজন মা বা বাবা যিনি সন্তান দত্তক নিয়েছেন বা সন্তানের পালনপোষণ করেন;
- তিনি একাকী মা বা বাবা;
- সন্তান আছে এমন কেউ অথবা অক্ষমতাযুক্ত কোনো আত্মীয়ের পরিচর্যা করেন এমন কেউ নির্ভরযোগ্য কর্মী হতে পারবেন না, এই বিশ্বাসের ভিত্তিতে;
- মায়েদের উচিত তাদের সন্তানের সাথে বাড়িতে থাকা, এই বিশ্বাসের ভিত্তিতে।

আমার ব্যবসা কি এই নতুন আইনের আওতায় পড়ে?

নিউ ইয়র্ক সিটিতে যে সব নিয়োগকর্তার ***চারজন বা তার বেশি কর্মী আছে*** তারা সবাই আইনটির নতুন প্রবিধান সহ নিউ ইয়র্ক সিটি মানবাধিকার আইনের আওতায় পড়েন। মালিককেও চারজন কর্মীর মধ্যে একজন হিসেবে গোনা হয়। চারজন কর্মীর একই স্থানে কাজ করার প্রয়োজন নেই, এবং তাদের সবাইকে নিউ ইয়র্ক সিটিতে কাজ করতে হবে না, যতক্ষণ পর্যন্ত তাদের মধ্যে একজন নিউ ইয়র্ক সিটিতে কাজ করেন।

কোন কর্মীরা সুরক্ষিত?

কর্মীরা যদি পূর্ণ সময় বা আংশিক সময়ের জন্য কাজ করেন, তারা যদি একজন শিক্ষানবিশ (বেতনসহ বা বেতনবিহীন) হন, এবং তাদের কাজের অনুমোদনের নথিগুলি থাকুক বা না থাকুক, তারা সুরক্ষিত। বেশির ভাগ স্বতন্ত্র কন্ট্র্যাক্টরও সুরক্ষিত।

কী কী নিষিদ্ধ?

- নিয়োগকর্তারা কর্মী বা চাকরির আবেদনকারীদের পরিচর্যা প্রদানের দায়িত্বগুলির কারণে তাদের নিয়োগ করতে অস্বীকার করা, বরখাস্ত করা, বা নিয়োগের নিয়ম, শর্ত, বা বিশেষ অধিকারগুলির ক্ষেত্রে তাদের বিরুদ্ধে অন্য কোনোভাবে বৈষম্য করতে পারেন না।
- নিয়োগকর্তারা কিছু কর্মীকে নমনীয় কাজের সময়ের মত যে সব সুনির্দিষ্ট সুবিধা দেন, পরিচর্যা দেওয়ার দায়িত্বগুলির কারণে অন্য কর্মীরা এগুলির জন্য অনুরোধ করলে তাদেরকে সেই একই সুবিধাগুলি দিতে অস্বীকার করতে পারেন না।
- নিয়োগকর্তারা আবেদনকারীদের পরিচর্যা প্রদানের দায়িত্বগুলির ভিত্তিতে কাদের নিয়োগ করবেন তার কোনো সীমাবদ্ধতার কথা উল্লেখ করে কোনো বিজ্ঞাপন বা চাকরির পোস্টিং প্রকাশ করতে পারেন না।

যা যা নিষিদ্ধ নয়

- নিয়োগকর্তারা কর্মীদের পরিচর্যা প্রদানের দায়িত্বগুলির কারণে তাদেরকে বাসস্থান দিতে বাধ্য নন। উদাহরণস্বরূপ, কোনো কর্মীর পরিচর্যা দেওয়ার দায়িত্ব আছে শুধুমাত্র এই কারণেই নিয়োগকর্তারা কোনো কর্মীর শিফ্‌ট পরিবর্তন করতে অথবা তাদেরকে কাজ থেকে তাড়াতাড়ি চলে যাওয়ার অনুমতি দিতে বাধ্য নন। তবে পরিচর্যা প্রদানের দায়িত্বযুক্ত কর্মীদেরকে নিয়োগকর্তারা এই সুবিধাগুলি দিতে অস্বীকার করতে পারেন না, যদি তারা অন্য কর্মীদের এই একই সুবিধাগুলি দেন।

*আরো জানার জন্য দেখুন, **NYC.gov/HumanRights**। আপনি নিউ ইয়র্ক সিটি মানবাধিকার আইনের অধীনে একজন নিয়োগকর্তা হিসেবে আপনার দায়িত্বগুলি সম্বন্ধে আরও জানতে পারেন এবং বিনামূল্যে ওয়ার্কশপের জন্য সাইন আপ করতে পারেন।*